

গা ড়ি

কা জী জ হি রু ল ই স লা ম

গাড়ি চালাতে চালাতে ভাবছি গাড়ির কাছে যাবো
কি যেন ফেলে এসেছি গাড়িতে
কি যেন পাই না খুঁজে সংসারের হার্ডডিস্কে
নারীদের ড্যাশবোর্ডে
খুঁজে পাই না ওখানে, শৈশবের একটু ওপরে
বয়োসন্ধির বাড়িতে
তাড়াতাড়িতে ফেলে এসেছি কি যেন
গাড়ির সিটপকেটে, না হয় টুলবক্সে
না-কি ফাস্টএইড বক্সের ভেতর, ডেটলগন্ধের নিচে
না হয় পেছনে, ট্রাঙ্কের গুমঘরে

গাড়ি চালাতে চালাতে তখন গাড়ির কাছে যাই
গাড়ি কই?
এইখানেইতো গাড়ি ছিলো, এই কৈশোরতলায়

গাড়ি হারিয়ে ফিরে যাই
গাড়ি চালাতে চালাতে গাড়ির কথা ভাবি।

আবিদজান, আইভরি কোস্ট
৭ অক্টোবর, ২০০৫